

## গুনাহ্ এর পরিচয়

কুরআন মাজিদ সহীহ শুদ্ধভাবে তিলাওয়াতের একটি নিয়ম হল গুনাহানাক ব্যবহার করে উচ্চারণকে গুনাহ্ বলে। আরবি হরফ ২৯ টি। এর মাঝে গুনাহ্ হরফ ২ টি। ن ও م গুনাহ্ হরফ। গুনাহ্ করা ওয়াজিব। গুনাহ্ স্থলে কমপক্ষে এক আলিফ পরিমাণ লম্বা করতে হয়। কুরআন মাজিদ তিলাওয়াতের ক্ষেত্রে গুনাহ্ গুরুত্ব অপরিসীম। আমরা তিলাওয়াতের সময় যথাস্থানে গুনাহ্ করব। নিচে গুনাহ্ সম্পর্কে সবিস্তারে আলোচনা পেশ করা হল।

## ওয়াজিব গুনাহ্ এর পরিচয়

হরকতের পরে (এক যবর ( َ ), এক যের ( ِ ), এক পেশ ( ُ )) মী-মে বা নূ-নে তাশদীদ হইলে উহাকে ওয়াজিব গুনাহ্ বলে। যেমনঃ

أَنَّ-إِنَّ-أَنَّ / أُمَّ-أُمَّ-أُمَّ

## নূন সাকিন ( ْ ) গুনাহ্

তানউইন এর পরিচয়: দুই যবর / ফাত্বাহ ( َ ), দুই যের / কাছ্রাহ ( ِ ), দুই পেশকে / দম্মাহ্ ( ُ ) তানউইন বলে। তানউইন এর উচ্চারণ তাড়াতাড়ি করতে হয়।

নূন সাকিনঃ জজম ওয়ালা নূন কে নূন সাকিন বলে।

নূন সাকিন ও তানউইন একই। যেমনঃ

بُ	بِ	بِ	بِ	بِ	بِ
বুন	বুন	বিন	বিন	বান	বান

## ( ْ ) নূ-ন ছাকিন ও তানউইন এর খুব সহজ নিয়ম

নূন সাকিন বা তানউইন এর পর এই ৮ টি হরফ ر, ل, خ, غ, ح, ع, ه, و, ع এর যে কোনো একটি হরফ আসলে উক্ত নূন সাকিন তানউইনকে গুনাহ্ ছাড়া স্পষ্ট করে পড়তে হয়। যেমনঃ - مِنْ - حَوْفٍ - مِنْ أَجْلِ

আর নুন সাকিন বা তানউইন পরে এই ৮ টি হরফ ر, ل, خ, غ, ح, ع, ه, ء এর যে কোনো একটি হরফ না আসলে উক্ত নুন সাকিন তানউইনকে গুনাহ করে পড়তে হয়। যেমনঃ - مِنْ جُوعٍ - مِنْ سَجِيلٍ

নুন সাকিন (ن) ও তানউইন এর বিস্তারিত বর্ণনা

নুন সাকিন ও তানবীন এর ৪টি বিধান।

১. ইযহারঃ ইযহার অর্থ স্পষ্ট করে পড়া। ইযহারের হরফ ৬টি خ, غ, ح, ع, ه, ء নুন সাকিন ও তানবীন এর পর এই হরফ গুলির যেকোনো একটি হরফ আসলে উক্ত নুন সাকিন ও নুন তানবীন কে স্পষ্ট করে পড়তে হয়। যেমনঃ - مِنْ حَوْفٍ - مِنْ أَجْلِ

২. ইদগামঃ ইদগাম অর্থ মিলিয়ে পড়া। ইদগাম এর হরফ ৬টি ي, و, ل, م, ن, ر

ইদগাম ২প্রকার

★ইদগামে বাগুনাহঃ

ইদগামে বাগুনাহ এর হরফ ৪টি و, م, ن, ر। নুন সাকিন ও তানবীন এর পর এই হরফ গুলি আসলে তাশদীদ দিয়ে আসে তখন উক্ত নুন-ন সাকিন ও তানউইন কে গুনাহ করে পড়তে হয়। যেমনঃ مَنْ يَغْمَلُ

★ইদগামে বেলা গুনাহঃ

ইদগামে বেলা গুনাহ হরফ ২টি ر, ل। নুন সাকিন ও তানবীন এর পর এই দুইটি হরফ এর যে কোন একটি হরফ আসলে উক্ত নুন সাকিন ও তানউইন কে গুনাহ ছাড়া মিলিয়ে পড়তে হয়। যেমনঃ مَنْ لُدُنْكَ

৩. ইকলাবঃ ইকলাব অর্থ পরিবর্তন করে পড়া। ইকলাব এর হরফ ১টি ب। নুন সাকিন ও তানউইন এর পর ইকলাব এর অক্ষর ب আসলে উক্ত নুন সাকিন ও তানউইনকে মিম দ্বারা পরিবর্তন করে গুনাহ করে পড়তে হয়।

৪. ইখফাঃ ইখফা অর্থ অস্পষ্ট করে পড়া। এর অক্ষর ১৫টি

ت, ث, ج, د, ذ, ز, س, ش, ص, ض, ط, ظ, ف, ق, ك। নুন সাকিন বা তানউইন এর পর ইখফার হরফ এর যে কোনো একটি হরফ আসলে উক্ত নুন সাকিন তানউইনকে গুনাহ করে অস্পষ্ট করে পড়তে হয়।

(ম) মী-ম ছাকিন এর নিয়ম

যযমওয়ালা মী-ম ( م ) কে মী-ম সাকিন বলে। ম্পড়ার তিনটি নিয়ম আছে,

১) ম এর পরে ম আসলে তাশদিদ ধরে গুনাহ্ সহ মিলিয়ে পড়তে হয়। যেমনঃ إِنَّهُمْ

مَا أَنْتُمْ مُلْقُونَ - مَسْئُولُونَ

২) ম এর পরে ব আসলে ঠোট বন্ধ করে গুনা করতে হয়। وَمَا هُمْ

بِمَا

সকল প্রকার গুনাহ্র কিছু উদাহরণ:

عَمَّ	عَنِ النَّبَاءِ	أَللَّاسِ
আম্মা	আনিন্নাবাই	আন্না-ছ
مِنْ دُونَ	مِنْ ثَمَرَةٍ	مِنْ تَمَرٍ
মিং দূ-না	মিং ছামারতিন	মিং তামার
مِنْ شَرِّ	مِنْ جُوعٍ	مِنْ سَجِيلٍ
মিনং শার্রি	মিনং জু-'	মিনং ছিজ্জি-ল
مِنْ بَعْدِ	عَلَيْمٌ بِذَاتِ الصُّدُورِ	عَنْ صَلَاتِهِمْ
মিন্ বাদি	আলী-মুম্ বিজা-তিছ্ ছুদু-র	আং ছলাতিহিম
مِنْ خَوْفٍ	مِنْ أَجَلٍ	مِنْ الرَّحْمَةِ اللَّهِ
মিন্ খওফি	মিন আযালিন্	মির রহ্মাতিল্লাহ্
إِنَّهُمْ مَسْئُولُونَ	مَا أَنْتُمْ مُلْقُونَ	تَرْمِيهِمْ بِحِجَارَةٍ
ইন্নাহম্ মাছ্উ-লূ-না	মা- আন্তুম্ মুলকূনা	তার মী-হিম্ বিহিজা-র তিন